ভোরের কাগজ

তারিখ ... ... JAN 0 2 2000 ...
পৃষ্ঠা ১২ কলাম ১ ......

রংপুর প্রতিনিধি [illegible] অধীনে অনুষ্ঠিতব্য [illegible] পিছিয়ে দেওয়ার দাবিতে গত [illegible] সকাল ১১টা থেকে কারমাইকেল কলেজের পরীক্ষার্থী, ছাত্রছাত্রীরা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, সমাবেশসহ কলেজ ভবনের দরজা-জানালা ও গাড়ি ভাঙচুর করেছে। এ ছাড়াও কলেজের পাশেই লালবাগ রেলগেটে তারা প্রায় ১ ঘণ্টা ধরে অবরোধ সৃষ্টি করে রাখে। এ সময় বিক্ষুব্ধ ছাত্ররা রেললাইনের স্লিপার ও সাইকেলের টায়ারে আগুন ধরিয়ে দেয়।

এ অবরোধের কারণে গেটের উভয় পার্শ্বে সড়কে সহস্রাধিক রিকশা, মোটরগাড়ি আটকা পড়ায় মারাত্মক যানজটের সৃষ্টি হয়। পরে এলাকাবাসী, পুলিশ ও লালবাগের দোকানদাররা লাঠিসোঁটা নিয়ে ধাওয়া করলে অবরোধকারী ছাত্ররা পালিয়ে যায়।

১৯৯৮ সালের অনার্স পার্ট-৩ পরীক্ষা আগামী ২৪ জানুয়ারি থেকে শুরু হওয়ার কথা। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন দেশের বিভিন্ন স্থানের কলেজগুলো থেকে পরীক্ষার্থীরা গাজীপুরে জাতীয় বিশ্ববিদ্যালয় কার্যালয়ে গিয়ে পরীক্ষা পিছিয়ে দেওয়ার দাবি জানায়। বিক্ষুব্ধ ছাত্রদের দাবির মুখে প্রোভিসি পরীক্ষা পিছিয়ে দেওয়ার মৌখিক আশ্বাস দিয়েছিলেন গত ২৬ ডিসেম্বর। ছাত্রছাত্রীরা জানায়, সেই আশ্বাসের ওপর ভিত্তি করে পরীক্ষার জন্য প্রস্তুতি গ্রহণ করছিল। কিন্তু ৩০ ডিসেম্বর কর্তৃপক্ষ পরীক্ষার রুটিন প্রকাশ করেছে পূর্বনির্ধারিত ২৪ জানুয়ারি অনুযায়ী। এ ঘটনায় ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে ওঠে।